

তারিখ - 21 DEC 2002

পৃষ্ঠা - ১১ কলাম ৩

ভোরের কাগজ

ঢাকায় সবার জন্য শিক্ষা বিষয়ক দক্ষিণ এশীয় পরামর্শ সভা শুরু

ঢাকায় আহছানিয়া মিশন ভবনের সম্মেলন কক্ষে ডবিষ্যতের জন্য পরিকল্পনা প্রণয়নের লক্ষ্য সামনে রেখে 'সবার জন্য শিক্ষা বিষয়ক নীতিনির্ধারণে সুশীল সমাজের সম্পৃক্তি' শীর্ষক তিনদিনব্যাপী দক্ষিণ এশীয় পরামর্শসভা গতকাল শুক্রবার শুরু হয়েছে। এতে অংশগ্রহণ করছেন ভারত, পাকিস্তান, নেপাল, শ্রীলঙ্কা এবং বাংলাদেশের শীর্ষস্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা ও সুশীল সমাজের ৩০ জন প্রতিনিধি।

ভারতের মুম্বাইভিত্তিক 'এশিয়া সাউথ প্যাসিফিক ব্যুরো অফ এডাল্ট এডুকেশন' কর্তৃক তাদের ডাকার সম্মেলন পরবর্তী গভূ দুবছরের বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে এবং গভূ বছরের ফেব্রুয়ারিতে দিল্লিতে অনুষ্ঠিত আঞ্চলিক ফোরামের অনুসারক হিসেবে এই পরামর্শসভার আয়োজন করা হয়েছে।

ঢাকা আহছানিয়া মিশন ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই অনুষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে। এই পরামর্শ সভার উদ্বোধনী অনুষ্ঠানে এর উদ্দেশ্য ও লক্ষ্য এবং পঁচাদপট ব্যাখ্যা করেন এশিয়া প্যাসিফিক ব্যুরো অফ এডাল্ট এডুকেশনের নাসরিন মোহাম্মদ এবং কার্যক্রমের পরিচিতি উপস্থাপন করেন একই সংস্থার মেনকা রায়। অনুষ্ঠানের শুরুতে ঢাকা আহছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম সকলকে স্বাগত জানান এবং পরামর্শ সভার শুরুতে ব্যাখ্যা করেন। গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী তার বক্তব্যে আশাবাদ ব্যক্ত করেন যে, এই পরামর্শ সভায় সবার জন্য শিক্ষা বিষয়ে এতদঞ্চলের দেশগুলোর জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে কি হয়েছে এবং কি হয়নি সে বিষয়ে পর্যালোচনা করে এক কার্যকর ও শক্তিশালী ডবিষ্যৎ কর্মসূচি প্রণীত হবে।

ন.
৭৬